অতি দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়নে

জি,ও এন,জি,ও এবং সুশীল সমাজের ভূমিকা বিষয়ক কর্মশালার প্রতিবেদন



উপজেলা পরিষদ মিলনায়তন কক্ষ
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।
১৯ এপ্রিল- ২০০৬

আয়োজনেঃ
অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ও আর এ)
নোয়াকান্দি, করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

সহযোগীতায়ঃ
ব্র্যাক এডভোকেসি এ্যান্ড হিউম্যান রাইটস (বাহারু)
বাংলাদেশ রুরাল এ্যাডভান্সমেন্ট কমিটি (ব্র্যাক)
৭৫- মহাখালী, ঢাকা-১২১২।

ক. ভূমিকা:

গরীব মানুষের আর্থ সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশে ব্র্যাক, আশা, প্রশিকা সহ দেশের ছোট বড়, মাঝারী ও স্থানীয় পর্যায়ের এন জি ও এবং আন্তর্জাতিক দাতা সংস্থার আর্থিক ও কারিগরী সহায়তায় দেশ স্বাধীন হবার পর থেকেই কাজ করে যাচ্ছে। কিন্তু আমরা কি কাংখিত লক্ষ্যে পৌছতে পেরেছি? বোধ হয় না। এর হয়তো বা অনেক কারন রয়েছে। তবে এখানে একটি বিষয় উল্লেখযোগ্য যে যাদের জন্য উন্নয়ন তারাই রয়েছে পরিকল্পনার বাইরে। যে গ্রামের উন্নয়ন সেই গ্রামবাসী রয়েছে অন্ধকারে। যতদিন পর্যন্ত এলাকার লোকজন সচেতন না হবে, বুঝতে না পারবে তাদের সমস্যা ততদিন পর্যন্তই উন্নয়ন ধুকে ধুকে পথ চলবে। ব্র্যাক সেই সঠিক উন্নয়নের লক্ষ্যে কঠিন পথটি বেছে নিয়েছে এই অতি দরিদ্র কর্মসূচী । আশা করা হচ্ছে যে এ প্রক্রিয়ায় একদিন গ্রামের মানুষ নিজের পায়ে দাড়াতে সক্ষম হবে।

খ. কর্মশালার উদ্বোধন:

গত ১৯ এপ্রিল ২০০৬ তারিখ সকাল ১০:৩০ মিনিটে করিমগঞ্জ উপজেলা পরিষদ মিলনায়তনে ব্র্যাক এ্যাডভোকেসী এন্ড হিউম্যান রাইটস (বাহরু) এর আর্থিক ও কারিগরী সহায়তায় অতি দরিদ্র জনগোষ্ঠির জীবনযাত্রার মান উন্নয়নে জিও, এন জিও ও সুশীল সমাজের ভূমিকা বিষয়ক কর্মশালা পবিত্র কোরান তেলোয়াতের মাধ্যমে শুরু হয়। কর্মশালার শুভ উদ্ভোধন ঘোষনা করেন করিমগঞ্জ উপজেলার মাননীয় উপজেলা নির্বাহী অফিসার কে.এম, রুহুল আমিন। তিনি তাঁর উদ্ভোধনী বক্তৃতায় বলেন অতি দরিদ্রদের ভাগ্যের উন্নয়ন ঘটাতে হলে তাদেরকে ঋন দানের মাধ্যমে আর্থিক সহায়তা করতে হবে। এর মধ্যে ঝুঁকি হ্রাস কর্মসূচী শুরু করতে হবে। দুর্যোগের সময় এন,জি,ও-দের ভূমিকা ও জবাব দিহিতা বৃদ্ধি করা প্রয়োজন পাশাপাশি সরকারী কর্মকর্তা ও কর্মচারীদেরও জবাব দিহিতা বৃদ্ধির প্রয়োজন। তিনি স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নের উপর সবাইকে এগিয়ে আসতে বলেন। পরিশেষে তিনি এ ব্যাপারে এন,জি,ও-দের গভীর মনিটরিং এর মাধ্যমে স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন সহ সকল কাজের অগ্রগতির প্রশংসা করে আজকের অতি দরিদ্র জনগোষ্ঠীর জীবন যাত্রার মানউন্নয়নে জিও এন জিও এবং সুশীল সমাজের ভূমিকা বিষয়ক কর্মশালার শুভ উদ্ভোধন ঘোষনা করেন।

এরপর কর্মশালার সহায়ক উপস্থিত সবাইকে একে একে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করেন। পরিচয়ের সময় নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম বলার জন্য তিনি সবাইকে অনুরোধ করেন।

গ. ও, আর, এ - এর লক্ষ্য, উদ্দেশ্য এবং কর্মশালার উদ্দেশ্য সম্পর্কে ধারনা প্রদান ঃ

সহায়ক এ পর্যায়ে ওআরএ এর প্রতিষ্ঠার লক্ষ্য, উদ্দেশ্য এবং কর্মশালার উদ্দেশ্য ব্যাখা করার জন্য সংস্থার নির্বাহী পরিচালক এ্যাডভোকেট ফকির মোঃ মাজহারুল ইসলাম সাহেবকে অনুরোধ করেন। এ পর্যায়ে সংস্থার নির্বাহী পরিচালক সংস্থা প্রতিষ্ঠার লক্ষ্য সম্পর্কে বলতে গিয়ে নিম্নোক্ত তিনটি লক্ষ্যের কথা বলেন ঃ

১) সংস্থার মাধ্যমে এলাকার পিছিয়ে পড়া জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়ন।
২) সংস্থার মাধ্যমে কিছু সাক্ষর সম্পন্ন মানুষের কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা।
৩) সংস্থাকে একটি প্রাতিষ্ঠানিক রূপ দেয়া যাতে সংস্থাটি টিকে থাকে সাথে সাথে সংস্থার প্রতিষ্ঠাতাও বেচেঁ থাকে।

পরবর্তীতে তিনি সংস্থার বর্তমান কর্মসূচী সমুহের সংক্ষিপ্ত বর্ণনা প্রদান প্রদান কর্মসূচি গুলো নিম্নরুপ।

- দল গঠন ও ঋণদান কর্মসূচী
- উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কর্মসূচী
- মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উন্নয়ন কর্মসূচী
- আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা
- সামাজিক যোগাযোগ কর্মসূচী
- এইচআইভি/এইডস্ প্রতিরোধ কর্মসূচী
- নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন কর্মসূচী
- সৌহার্দ্য কর্মসূচী
- কৃষি, পুষ্টি ও বনায়ন কর্মসূচী
- প্রশিক্ষন (মানবিক এবং কারিগরী)

এ ছাড়াও বিভিন্ন সময়ে বিভিন্ন সহযোগী সংগঠনের মাধ্যমে ওআরএ ইস্যু ভিত্তিক সেমিনার, সিম্পোজিয়াম এবং কর্মশালার আয়োজন করে থাথে ।

এবারে তিনি অতি দরিদ্র জন গোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কাজ করার জন্য ব্র্যাক এ্যাডভোকেসী এন্ড হিউম্যান রাইটস এর সহযোগী সংগঠন হিসাবে সুযোগ দেয়ার জন্য ব্র্যাক কে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের এ কর্মশালার উদ্দেশ্য সম্পর্কে বর্ননা করেন।

ঘ) অতি দরিদ্র কর্মশলার উদ্দেশ্য ঃ

- অতি দরিদ্র জনগোষ্ঠীর সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্য কাজ করা।
- আলোচনা ও মত বিনিময় করা।
- প্রকল্প পরিদর্শন করা।
- অভিজ্ঞতা বিনিময় করা।
- ভবিষ্যৎ কর্মসূচী উন্নয়নের লক্ষ্যে সুপারিশ মালা প্রণয়ন করা।

এ পর্যায়ে ব্রাক এ্যাডভোকেসী প্রকল্পের সুপারভাইজার মিল্টন কর ব্রাক সম্পর্কে সংক্ষেপে ধারনা দেন। তিনি এ্যাডভোকেসী প্রকল্প সম্পর্কে অনেক গুরুত্বপূর্ন তথ্য দেন। অতি দরিদ্রদের উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহন করার বিভিন্ন কার্যক্রমের শুরু এবং এর ধাপ সমূহ উল্লেখ করেন। তিনি বলেন অংশগ্রহণ মূলক গ্রামীন সমীক্ষার বিভিন্ন টুলস ব্যবহার করে জনগণ সরাসরি উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহন করবে এটা নিশ্চিত করা। তাদের নিয়ে একসঙ্গে বসে আলোচনার ভিত্তিতে তাদের প্রধান প্রধান সমস্যা চিহ্নিত করা, সমাজের মানুষের সম্পদের ভিত্তিতে শ্রেনী বিন্যাস করা, কোথায় গেলে তাঁরা বিভিন্ন সেবা পেতে পারে এ ব্যাপারে আলোচনা করা। একটা গ্রামের মানুষ যাতে সহজে তাদের গ্রাম চিনতে পারে এবং গ্রামের কোথায় কি আছে এটা জানার জন্য গ্রামের মানুষদের নিয়ে একটা ম্যাপ তৈরী করা। পরবর্তিতে তিনি এ প্রকল্পের মাধ্যমে লক্ষিত জনগোষ্ঠীকে যে সব সহযোগীতা প্রদান করা হয় তা বর্ণনা করতে গিয়ে বলেন যে অতি দরিদ্রদের মাঝে গাভী পালন, ছাগল পালন ইত্যাদির জন্য আর্থিক অনুদান, স্যানিটেশনের ব্যাপারেও এ প্রকল্প থেকে অতি দরিদ্র মানুষদের জন্য ১ টি স্লাব, ২ টি রিং, টিনের চালা ও বেড়া দিয়ে সহায়তা করা হয়। স্বাস্থ্য সম্মত পায়খানা স্থাপন ও তার ব্যবহার বাড়ানোর জন্য দরিদ্র মানুষদের সচেতন করা হয়।

এরপর ব্র্যাক এ্যাডভোকেসী প্রকল্পের কিশোরগঞ্জ জেলার দায়িত্বপ্রাপ্ত জেলা যোগাযোগ কর্মকর্তা এ বি এম ফারুক খসরু তার সুচিন্তিত ও মূল্যবান বক্তব্য রাখেন। তিনি বলেন, ব্র্যাক ১৯৭২ সাল থেকে শুরু করে ক্ষুদ্র ঋণের পাশাপাশি বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালনা করে আসছে। ২০০২ সালে ব্র্যাক

এ্যাডভোকেসী কার্যক্রম শুরু করে। এখানে দরিদ্র এবং অতি দরিদ্র জনগোষ্ঠীর সংজ্ঞা দেয়া হয়। দৈনিক ২১২২ কিলো ক্যালরি পরিমান খাদ্য গ্রহন করতে না পারা জনগনই দরিদ্র। বাংলাদেশে ৫৩% ভাগ লোক দারিদ্র সীমার নীচে বাস করছে। যার মধ্যে গ্রামীন দারিদ্রের হার ৫৭% ভাপ (বিশ্ব ব্যাংক ১৯৯৫-৯৬)

অতি দরিদ্র বলতে বুঝি দৈনিক ১৮০৫ কিলো ক্যালরি খাদ্য গ্রহন করতে না পারা ব্যক্তিই অতি দরিদ্র। এদের সংখ্যা ৩৬ ভাগ। যে সব অতি দরিদ্র মানুষ ঋণ নিয়ে ফেরত দিতে পারে না, তাদের ঋণ দেয়ার মত পর্যায়ে নিয়ে আসার জন্য কিছু কার্যক্রম আছে। এক্ষেত্রে অতি দরিদ্র নারী প্রধান পরিবার নিয়ে কাজ করা হচ্ছে। এদের কিছু অনুদান যেমন ঃ গাভী, ছাগল দেয়া হয়। এই অনুদান যাতে তারা খরচ বা বিক্রি না করে এর জন্য প্রতি সপ্তাহে কিছু আর্থিক অনুদান (সপ্তাহে ১২৫/=) দেয়া হয়।

তিনি বলেন কোন একক ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে অতি দরিদ্র লোকদের সাহায্য বা সহযোগীতা করা সম্ভব নয় বলে এ কর্মশালার আয়োজন। যাতে করে বিভিন্ন জি.ও/এন.জি.ও এবং সুশীল সমাজের লোকজন এসব কার্যক্রমে এগিয়ে আসে। এ প্রত্যাশাই হচ্ছে এ কর্মশালার মূল উদ্দেশ্য এবং তিনিও সকলের কাছে এই প্রত্যাশা রেখেই তাঁর বক্তব্য শেষ করেন।

এরপর ওআরএ'র পরিচালক সাঈদা সোখায়না তারঁ বক্তব্যে বলেন কমিউনিটির লোকজনের জীবন যাত্রার মনোউন্নয়ন করতে হলে কমিউনিটি লেড এ্যপ্রোচের মাধ্যমে করতে হবে। এ ক্ষেত্রে আই.জি.এ বৃদ্ধি মূলক কার্যক্রম বাড়ানো দরকার। অতি দরিদ্র মানুষদের বিভিন্ন প্রশিক্ষনের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর করে তাদের নিজেদের অবস্থার উন্নয়ন ঘটাতে সহায়তা করতে হবে। বিভিন্ন জি.ও এবং এন.জি.ওদের সমন্বয়ের মাধ্যমে অতি দরিদ্র জনগোষ্ঠীর একজন হয়ে কাজ করতে পারলে তাদের অবস্থার উন্নয়ন করা সম্ভব।

এ পর্যায়ে ভিডিও প্রদর্শনের মাধ্যমে অতি দরিদ্য কর্মসূচী'র বিভিন্ন কার্যক্রম সবাইকে দেখানো হয়। ভিডিও দেখানোর পর উপস্থিত সকলের অনুভূতি জানতে চাওয়া হয়। এ পর্যায়ে সকলেই তাদের অনুভূতি প্রকাশ করে অতি দরিদ্র পরিবারের জন্য কিছু করার দরকার এ বিষয়ে একমত পোষন করেন।

ঙ) মাঠ পরিদর্শন ঃ

পূর্ব পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তব চিত্র পরিদর্শন, অভিজ্ঞতা অর্জন এবং প্রকল্পের ভবিষ্যত দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে করিমগঞ্জ উপজেলার কাদির জঙ্গল ইউনিয়নের পিটুয়া গ্রামে ব্র্যাক কর্তৃক পরিচালিত হত দরিদ্র কর্মসূচী পরিদর্শন করা হয়। এর জন্য দুটি মাইক্রোবাস এবং একটি প্রাইভেট কার সহযোগে উপজেলার মাননীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়কে সাথে নিয়ে কর্মশালার সকল অংশগ্রহণকারীদেরকে নিয়ে প্রকল্প পরিদর্শন করা হয়।

মাঠ পরিদর্শনকালে উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রকল্পের উপকারভোগীর সঙ্গে কথা বলছেন।

চ) মুক্ত আলোচনাঃ

এবারের সহায়ক কর্মশালার সকল অংশ গ্রহণকারীগণকে কষ্ঠ করে মাঠ পরিদর্শন করার জন্য ব্র্যাক এবং ওআরএ-এর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান এবং সাথে সাথে কর্মসূচীর বভিষ্যৎ উন্নয়ন কল্পে প্রকল্পের ভাল ও মন্দ দিক সূমুহ বলার জন্য অনুরোধ করেন।

প্রকল্পের ভাল দিক সমূহঃ

- অতি দরিদ্র পরিবার চিহ্নিত করন এবং এদের সাহায্য করা
- আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টির পূর্বেই সহায়তা করা।
- স্যানিটেশনের ব্যাপারে সহায়তা করা।
- স্বাস্থ্য বিধি সম্পর্কে সচেতন করা ।
- কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা ।
- অচল লোকদের সচল করার জন্য ভাল উদ্যোগ ।

প্রকল্পের উন্নয়নযোগ্য দিক সমূহ ঃ

- এর থেকে বেশী গরীবদের সাহায্যের চিন্তা করা
- ভিক্ষুক ও প্রতিবন্ধীদের জন্য কিছু করা
- শিক্ষার ব্যাপারে আরও সচেতন করা

এর পর কর্মশালায় উপস্থিত সবার কাছ থেকে কমিটমেন্ট ফরম পূরন করেন। প্রত্যেকেই অতি দরিদ্র জনগনের জন্য নিদিষ্ট কাজ নিদিষ্ট সময়ের মধ্যে করার প্রতিশ্রুতি দেন।

ব্র্যাক যোগাযাগ কর্মকর্তা জনাব ওমর ফারুক খসরু 'অতি দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়নে জি.ও, এন.জি.ও ও সুশীল সমাজের ভূমিকা বিষয়ক কর্মশালায় উপস্থিত সবাইকে অনেক ধৈর্য সহকারে অংশগ্রহন করার জন্য ধন্যবাদ জানান এবং সবাইকে প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করার অনুরোধ করেন।

এ পর্যায়ে ওআরএ এর নির্বাহী পরিচালক সকলের কাছে থেকে প্রাপ্ত কমিটমেন্ট অনুযায়ী নিজের সাধ্য মতে হত দরিদ্রদের কিছু করার সকলের প্রত্যয়কে স্বাগত জানান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি অনুষ্ঠানের সভাপতি প্রধান অতিথি ব্র্যাক এর কর্মকর্তা কর্মশালায় উপস্থিত চেয়ারম্যান, সরকারী ও বেসরকারী কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ, রাজনৈতিক ব্যক্তিত্ব স্থানীয় স্কুল ও কলেজের শিক্ষকবৃন্দ সহ সিভিল সোসাইটির সকলকে সারাদিন কর্মশালায় কার্যকরী অংশগ্রহণ ও মতামত প্রদান করার জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি উপজেলা প্রশাসনকে সার্বিক সহযোগীতা করার জন্য এবং কর্মশালাকে ফলপ্রসু করার লক্ষ্যে যে সকল কর্মী কঠোর পরিশ্রম করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানের সমাপনীঃ

কর্মশালার শেষে, কর্মশালার সভাপতি স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগের কর্মকর্তা জনাব আব্দুল গফুর সাহেব সকল অংশগ্রহণকারীদের তাদের প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করার অনুরোধ রাখেন এবং উপস্থিত সকলকে ধৈর্য্য সহকারে অনুষ্ঠান উপভোগ করা ও তাদের মূল্যবান পরামর্শ প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষনা করেন।

কর্মশালার সার্বিক সহযোগীতা এবং উপস্থাপনার দায়িত্বে ছিলেন ও আর এ সৌহার্দ্য কর্মসূচীর ফিল্ড কো-অর্ডিনেটর মোঃ জহিরুল ইসলাম।

কর্মশালার ব্যবহৃত উপকরন সমূহঃ

- ও এইচ পি
- জেনারেটর
- টিভি এবং ভিসিডি
- পোস্টার পেপার, মার্কার পেন, কচটেপ

- হোয়াইট বোর্ড মার্কার
- বোর্ড মার্কার

অংশগ্রহন কারীদের যে সব উপকরন সরবরাহ করা হয় তা হলোঃ

- ফাইল -১টি
- বলপয়েন্ট -১টি
- রাইটিং প্যাড - ১টি
- নেইম কার্ড ১-টি

প্রতিবেদন প্রস্তুতকারী
কনক মন্ডল
মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন অফিসার
সৌহার্দ্য কর্মসূচী, ও আর এ ।

কেস ষ্টাডি-১

করিমগঞ্জ উপজেলার কাদির জঙ্গল ইউনিয়নের পিটুয়া গ্রামের জহুরা বেগম, স্বামী ঃ ছমির উদ্দিন ব্র্যাক থেকে দুটি গাভী পেয়েছেন। তিনি ভি.জি.ডি কার্ড এবং বয়স্ক ভাতা পাননি। গাভীর খরচ বাবদ ব্র্যাক তাকে সপ্তাহে ১০৫ টাকা দেন। গাভী দুটি রাখার জন্য তাকে একটা ঘর করে দেয়া হয়েছে। এ ছাড়া গরুর সুষম খাবার দিয়ে তাকে সহায়তা করা হয় বলে তিনি বলেন। তিনি আরও বলেন, তার চার মেয়ে। মেয়েদের বিয়ে হয়েছে । কিন্তু তার স্বামী তার দেখাশোনা করে না। ব্র্যাক থেকে সহায়তা পেয়ে এখন তিনি নিজের ভাগ্য উন্নয়নের পথ খুজেঁ পেয়েছেন। তার বিশ্বাস তিনি এখন তার অর্থনৈতিক অবস্থার উন্নয়ন করে সমাজের একজন হয়ে বেঁচে থাকতে পারবেন।

কেস স্টাডি-২

মিলনা বেগম, স্বামীঃ আসামুদ্দিন, করিমগঞ্জ উপজেলার কাদির জঙ্গল ইউনিয়নের পিটুয়া গ্রামে বাড়ী। মিলনার স্বামী বাশের কাজ করেন। তার ছেলে মেয়ে ৪ জন। ২জন প্রাইমারী স্কুলে যায় এবং ১জন ব্র্যাক স্কুলে পড়ে। আর বাকি ২ ছেলে মেয়ে অন্যের বাড়িতে কাজ করে। মিলনা ব্র্যাক থেকে ২টি গাভী পেয়েছে। তিনি গাভীর খাবার এবং অন্যান্য খরচের জন্য সপ্তাহে ১০৫ টাকা পান। গরু রাখার জন্য ব্র্যাক থেকে একটি ঘর করে দিয়েছে। এই গাভী থেকে দুধ বিক্রি করে মিলনা তার সংসারের উন্নতি করতে পারবেন বলে বিশ্বাস করেন।

অতিদরিদ্র মানুষদের জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে

"উন্নয়ন প্রচেষ্টায়- অতিদরিদ্র" বিষয়ক অধিপরামর্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ [illegible] প্রতিষ্ঠানের নামঃ [illegible] পদবী [illegible]

পূর্ন ঠিকানা ঃ [illegible] সময় ঃ ২০০৬ হইতে [illegible] পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১।	মাছ চাষে উদ্যোগী	[illegible] ও [illegible] অঞ্চলে	নিজে উদ্যোগে	অসংখ্য	ভালো

স্বাক্ষর ঃ [illegible]

তারিখ ঃ ২৯/৪/০৬

অতিদরিদ্র মানুষদের জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে

“উন্নয়ন প্রচেষ্টায় অতিদারিদ্র” বিষয়ক অধিপরামর্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ মোঃ জহিরুল ইসলাম প্রতিষ্ঠানের নামঃ সৌহার্দ্য কর্মসূচী পদবীঃ ফিল্ড কো-অর্ডিনেটর

পূর্ন ঠিকানা ঃ করিমগঞ্জ, কিশোরগঞ্জ সময় ঃ ২০/০৪/০৬ হইতে ৩০/০৬/০৬ পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
01.	১০০% স্যানিটেশন	গ্রাম পর্যায়ে	গ্রাম কমিটির সহায়তা	৪০০	স্বাস্থ্য ভাল থাকবে, আয় বৃদ্ধি পাবে।
02.	ছাত্র-ছাত্রীদের স্কুলে যাওয়া নিশ্চিত করন	প্রাথমিক বিদ্যালয়ে	স্কুল ব্যবস্থাপনা কমিটি ও অভিভাবক	২০০	শিক্ষার হার বৃদ্ধি পাবে।
০৩.	যৌতুক ও বাল্যবিবাহ বিরোধী কর্মসূচী	গ্রাম পর্যায়ে	গ্রাম কমিটি	১০	যৌতুক ও বাল্যবিবাহ কমবে।
০৪	স্বাস্থ্য পুষ্টি শিক্ষা	"	"	৪০০	সচেতনতা বাড়বে, পুষ্টিহীনতা হ্রাস পাবে

স্বাক্ষর ঃ [signature] 01716786228

তারিখ ঃ 19/04/06

অতিদরিদ্র মানুষদের জীবনমানের মানোন্নয়নের লক্ষ্যে

"উন্নয়ন প্রচেষ্টায়- অতিদরিদ্র" বিষয়ক অধিপরামর্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ মো: [illegible] প্রতিষ্ঠানের নামঃ [illegible] পদবী

পূর্ন ঠিকানা ঃ [illegible] সময় ঃ হইতে পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দারিদ্র গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তার/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১।	আমি আমার মাদ্রাসার ছাত্র ছাত্রীদের মাঝে, [illegible] করে তুলব	ছাত্র ছাত্রীদের মাঝে করব ও মসজিদের মুসল্লিদের মাঝে তুলে ধরার চেষ্টা করব			

স্বাক্ষর ঃ মো: [illegible]

তারিখ ঃ ২৯/৪/০৫ মোবাইল নম্বর ০১৭১৭-৮৬৯৭৬২

"উন্নয়ন [illegible]" বিষয়ক অভিপরামর্শ কর্মশালার অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ মহিউদ্দীন আহমদ (মাহবুব) প্রতিষ্ঠানের নামঃ যুব উন্নয়ন অধিদপ্তর পদবী [illegible]

পূর্ণ ঠিকানা ঃ [illegible] সময় ঃ ২[illegible]/০৪/০৫ হইতে ৩১/১২/০৫ পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
০১.	[illegible]	[illegible]	যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে	২ জন	

[illegible] ২[illegible]/০৪/০৫
মহিউদ্দীন আহমদ (মাহবুব)
[illegible]
যুব উন্নয়ন অধিদপ্তর
[illegible]
মোবাইল - 01716-458074.

স্বাক্ষর ঃ.....................

তারিখ ঃ.....................

[illegible] এর পক্ষে

[illegible] প্রচেষ্টায় "অতিদরিদ্র" বিষয়ক অধিপরামর্শ কর্মশালা [illegible] অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ [illegible] প্রতিষ্ঠানের নামঃ [illegible] পদবী [illegible]

পূর্ণ ঠিকানা ঃ [illegible]

সময় ঃ .... হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১	[illegible]	[illegible]	[illegible]	৩৫	
২	স্বাস্থ্য শিক্ষা	[illegible]	[illegible]		
৩	[illegible]	[illegible]	[illegible]		
৪	[illegible]	[illegible]			

স্বাক্ষর ঃ [illegible]

তারিখ ঃ ২৯/৮/০৭

মোবাইল — 01716-756592

রাষ্ট্রের মানুষদের জীবনমান [illegible] লক্ষ্যে

"উন্নয়ন নেটওয়ার্ক- অভিযাত্রা" বিষয়ক অধিপরামর্শ কর্মশালা অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ [illegible] প্রতিষ্ঠানের নামঃ ও আর, ৭

পূর্ণ ঠিকানা ঃ ও, আর, ৭, গোয়ালপাড়া - কিশোরগঞ্জ পদবী পরিচালক

সময় ঃ ৭/ [illegible] হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১।	সচেতন মূলক ও ২৩ ধরনের লোকদের কিছু সাহায্য প্রদান	কালীগঞ্জ উপজেলা	PK.SF	~~[illegible]~~ 300	
২।	স্যানিটেশন ও স্বাস্থ্য সম্পর্কিত সচেতন করা।	ঐ	NGO Forum		
৩	HIV/AIDS প্রতিরোধ মূলক কর্মসূচী	কিশোরগঞ্জ/নেত্রকোনা	স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহায়তা এবং ইউনিসেফ এর সহযোগিতায় [illegible]		

স্বাক্ষর ঃ [signature]

তারিখ ঃ

"উন্নয়ন প্রকল্পে ... আদিবাসী" বিষয়ক অভিপরামর্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ [illegible] প্রতিষ্ঠানের নামঃ [illegible] পদবী [illegible]

পূর্ন ঠিকানা ঃ [illegible] সময় ঃ .... হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
০১)	ল্যাট্রিন বিতরণ	[illegible]	[illegible] সহায়তায়	১৩০জন	
০২.	[illegible]	[illegible]	[illegible] সহায়তায়	৬৪২জন	

স্বাক্ষর ঃ [signature]

তারিখ ঃ ১৯/৪/০৫ইং মোবাইল নং: ০১৭১২৮৭০৮৫৫

অতিদরিদ্র মানুষদের জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে

"উন্নয়ন প্রচেষ্টায়- অতিদরিদ্র" বিষয়ক অধিপরামার্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ এ, কে, এম গোলাম কিবরিয়া .... প্রতিষ্ঠানের নামঃ উপজেলা প্রাইমারি [illegible] .... পদবী [illegible]

পূর্ন ঠিকানা ঃ [illegible], [illegible], ফোন - ০৭৪২৭- ৫৬০৬০ .... সময় ঃ .... হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১.	[illegible] উদ্বুদ্ধ করব	[illegible] শিক্ষক [illegible]	শিক্ষকগণের সহায়তায়		আশা করা যায় [illegible]
২.	[illegible] উদ্বুদ্ধ করব	[illegible] অভিভাবকদের [illegible]	ঐ		ঐ

স্বাক্ষর ঃ .... [signature]

তারিখ ঃ ২৯/৪/০৭

"উন্নয়ন প্রচেষ্টায়- অতিদরিদ্র" বিষয়ক অধিপরামার্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ মো: তৌহিদুল ইসলাম প্রতিষ্ঠানের নামঃ উপজেলা শিক্ষা অফিস পদবী উপজেলা শিক্ষা অফিসার

পূর্ন ঠিকানা ঃ শেরিমনগর, বিশ্বনাথ সময় ঃ ২০।৪।০৬ হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১	অতিদরিদ্র লোকদেরকে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন বিষয়ে সচেতন।	বিদ্যালয় সমূহে	শিক্ষক, এস. এম. সি,		সচেতনতা বৃদ্ধি জীবন যাত্রার মান উন্নয়ন।

স্বাক্ষর ঃ........................

তারিখ ঃ........................

"অতিদরিদ্র" বিষয়ক অধিপরামর্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নাম: মোঃ গোলাম ফারুক প্রতিষ্ঠানের নাম: আস্ক-করিমগঞ্জ পদবী: সি ও

পূর্ণ ঠিকানা: গোয়ালকান্দি, করিমগঞ্জ সময়: ২১/০৪/০৮ হইতে ৩১/১২/০৮ পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
০১	নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ	গুজাদিয়া ইউনিয়নের বিভিন্ন গ্রামে	কর্মীর মাধ্যমে	২০৪৭	

স্বাক্ষর: [signature]

তারিখ: ২১/০৪/০৮

০১৭৬ ০১৭১৬৬৬৭০৫৭

"উন্নয়ন প্রচেষ্টায় ... দারিদ্র" বিষয়ক অধিপরামর্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ ডা: মো: [illegible] ইসলাম প্রতিষ্ঠানের নামঃ [illegible] স্বাস্থ্য কমপ্লেক্স পদবী [illegible] (সিভি) [illegible]

পূর্ণ ঠিকানা ঃ [illegible] স্বাস্থ্য কমপ্লেক্স [illegible] সময় ঃ [illegible] হইতে [illegible] পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১।	বিনা পয়সায় চিকিৎসা সেবা প্রদান	ইউনিয়ন পরিষদ প্রাঙ্গন [illegible]	[illegible]	প্রতিদিন [illegible] জন	
২।	স্বাস্থ্য শিক্ষা	ইউনিয়ন পরিষদ	স্বাস্থ্য শিক্ষা [illegible] [illegible] স্বাস্থ্য [illegible]	[illegible] ১দিন ১০০ জন	

স্বাক্ষর ঃ.....................

তারিখ ঃ.....................

[illegible]
১/৭/১৪
০১৭১৫-৩০৪২৫৫

আতিদরিদ্র মানুষদের জীবনযাত্রার অগ্রগতির লক্ষ্যে

"উন্নয়ন প্রচেষ্টায়- অতিদরিদ্র" বিষয়ক অধিপরামার্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ মোঃ সিকান্দার [illegible] প্রতিষ্ঠানের নামঃ উপজেলা সমবায় অফিস পদবী উপজেলা সমবায় [illegible]

পূর্ন ঠিকানা ঃ উপজেলা সমবায় অফিস, [illegible] সময় ঃ.................... হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১/	অতিদরিদ্রদের মাধ্যমে একটি [illegible] সমবায় সমিতি গঠন - [illegible]	সংশ্লিষ্ট [illegible]	[illegible]	৪০	[illegible]

স্বাক্ষর ঃ [signature] মোবাইল - ০১৭৪৬-৪৬২২২৬

তারিখ ঃ ২১/৪/০৬

দারিদ্র্য মানুষদের জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে
"উন্নয়ন সহায়তায়- অভিবাসীর" বিষয়ক অধিপরামার্শ কর্মশালার অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ সাকিব আহমেদ প্রতিষ্ঠানের নামঃ প্রথম আলো পদবী কিশোরগঞ্জ প্রতিনিধি

পূর্ন ঠিকানা : কিশোরগঞ্জ, কিশোরগঞ্জ সময় : .... হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১.	অতি দরিদ্র মানুষের দারিদ্র্য, জীবন সংগ্রাম ও তাদের সম্ভাবনা নিয়ে সংবাদপত্রে লেখালেখির মাধ্যমে সমাজের অন্যের সহায় [illegible] কর্মত নই [illegible]	সংবাদ পেশায়	সংবাদকর্মীদের সহায়তায় করা	অতি দরিদ্র সামাজিক লোক উপকৃত হবে	অতি দরিদ্ররা ~~[illegible]~~ আত্মনির্ভরশীল হওয়ার, তারা স্বাবলম্বী হতে সচেতন হবে

স্বাক্ষর : সাকিব আহমেদ , ০১৭১৬ - ১৪২২৭৩

তারিখ : ১৩/০৪/০৬

"উন্নয়ন ... " বিষয়ক প্রশিক্ষণ/পরামর্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ কনক মন্ডল প্রতিষ্ঠানের নামঃ ও আর এ

পূর্ন ঠিকানা ঃ ও আর এ করিমগঞ্জ, কিশোরগঞ্জ পদবী মনিটরিং অফিসার

সময় ঃ 20-04.06 হইতে 30.07.06 পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১।	স্যানিটেশন	জয়কা ইউনিয়নের কয়েকটি গ্রামে	ও আর এ সৌহার্দ্য কর্মসূচীর মাধ্যমে	১০০	সবার বাসায় স্যানিটারি ল্যাট্রিন থাকবে

স্বাক্ষর ঃ [signature] Mob : 01712284223

তারিখ ঃ 19.04.2006

...দের জীবন... ...

"উন্নয়ন ... ... পরামর্শ কর্মশালা ... ... ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ মোঃ আবদুল ... মিয়া ...নামঃ তলবি ইউ পদবী উপজেলা প্রতিনিধি

পূর্ণ ঠিকানাঃ করিমগঞ্জ, কিশোরগঞ্জ সময়ঃ .... হতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১	স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ব্যবহারে উদ্বুদ্ধকরণ করব	গ্রাম পর্যায়ে	সরকারী অনুদান		স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারের ফলে জীবন যাপন উন্নত

স্বাক্ষরঃ ...[signature]...

তারিখঃ ১২/৪/০৬

mobile - 01711453074

... মানুষদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে

"উন্নয়ন প্রচেষ্টায়- অভিভাবক" বিষয়ক অধিপরামার্শ কর্মশালায় অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ মোঃ জামাল উদ্দিন প্রতিষ্ঠানের নামঃ গৌরী মহিলা ডিগ্রী কলেজ পদবী প্রভাষক

পূর্ন ঠিকানা ঃ গ্রাম- [illegible] পো: [illegible] - [illegible] সময় বিকাল - ৪ হইতে সন্ধ্যা ৬-০০ পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
০১.	নিরক্ষর লোকজনকে স্বাক্ষর বা অক্ষর জ্ঞান দানে সহায়তা করা	নিজ গ্রামে অথবা অবসর শিবির বাসায়	নিজেই	৯০	

স্বাক্ষর ঃ [signature]

তারিখ ঃ ১৯/৪/০৬

মোবাইল ০১৭১৬৭৫৬৫৯২

... প্রচেষ্টায়- অতিদরিদ্র" বিষয়ক ... প্রশিক্ষণ গ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ [illegible] প্রতিষ্ঠানের নামঃ [illegible]

পূর্ন ঠিকানা ঃ [illegible] সময় ঃ ২০০৫ হইতে [illegible] পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১	[illegible]	[illegible]	[illegible]	৫০	
২	[illegible]	ঐ	ঐ	৫০	
৩	[illegible]	[illegible]	[illegible]	১০০	

স্বাক্ষর ঃ [illegible] মোবাইল ঃ- 01712185321

তারিখ ঃ [illegible]/০৪/০৬

"উন্নয়ন প্রচেষ্টায়- অতিদরিদ্র" বিষয়ক অধিপরামার্শ কর্মশালার অংশগ্রহণকারীদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা

নামঃ [illegible] প্রতিষ্ঠানের নামঃ .... পদবী ....

পূর্ন ঠিকানা ঃ ......UNO [illegible]...... সময় ঃ .... হইতে .... পর্যন্ত

ক্রমিক নং	কি কাজ/দায়িত্ব গ্রহণে ইচ্ছুক	কাজটি কোথায় করব	কার সহায়তায়/কিভাবে করব	উপকারভোগীর সংখ্যা	প্রত্যাশিত ফলাফল (কাজ করার পর)
১।	[illegible]	[illegible]	[illegible] NGO	[illegible]	[illegible]

স্বাক্ষর ঃ [illegible]

তারিখ ঃ .... মোবাইল: ০1716 216903

পুস্তক প্রতিষ্ঠান
বুক হাউস
কিশোরগঞ্জ।

দৈনিক
আজকের
সারাদিন
প্রতিদিন সাহসী পথচলা

মদন
গোরা

বর্ষ ২ ॥ সংখ্যা ১৮৩ ॥ কিশোরগঞ্জ ২০ এপ্রিল বৃহস্পতিবার ২০০৬ ॥ ৭ বৈশাখ ১৪১৩ বাংলা ॥ রেজিঃ নং ৪০০৯ ॥ পৃষ্ঠা ৮ ॥ মূল্য ৪ টাকা

করিমগঞ্জে ওআরএ'র উদ্যোগে

অতিদরিদ্রদের মানোন্নয়ন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত



নিজস্ব প্রতিনিধি ঃ সখিনা (৪৫)। স্বামী ছমির উদ্দিন তাকে ফেলে রেখে কবে নিরুদ্দেশ হয়েছিলেন তার দিনক্ষণ তিনি আজ আর মনে করতে পারেন না। চার মেয়ে নিয়ে সখিনাকে অনেক কষ্ট করতে হয়েছে। দিনের পর দিন না খেয়ে থেকেছেন। সহায়-সম্বলহীন সখিনা আশ্রয় নেন তার বাবার বাড়ি কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলার কাদিরজঙ্গলের পিটুয়া গ্রামে। মানুষের কাছে চেয়ে চিন্তে তিন মেয়েকে বিয়ে দিলেও সখিনার আত্মবিশ্বাসটুকু একেবারে ভেঙ্গে যায়। ঠিক এ সময়ে ব্র্যাকের অতি দরিদ্র পরিবারের আয় বৃদ্ধি কর্মসূচির আওতায় দুটি গাভী পেয়ে তার ভেঙ্গে যাওয়া আত্মবিশ্বাসটুকু তিনি ফিরে পেয়েছেন। তার চোখ দুটি এখন সাফল্যতার স্বপ্ন দেখে। একই গ্রামের মিলন (৩০) পঙ্গু স্বামী আজিম উদ্দিনকে নিয়ে চরম অভাব-অনটনের মধ্যে দিন কাটিয়েছেন। তাকেও ব্র্যাক থেকে দেওয়া হয়েছে দুটি গাভী। তিনিও স্বপ্ন দেখেন তার উজ্জ্বল ভবিষ্যতের। শুধু জহুরা বা

২য় পৃষ্ঠায় দেখুন

অতিদরিদ্রদের মানোন্নয়ন বিষয়ক

মিলন নয় ব্র্যাক থেকে অতিদরিদ্র পরিবারগুলোকে বাছাই করে কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলার সাতটি ইউনিয়নের ৩শ' ৯০টি অতিদরিদ্র পরিবারকে গাভী, ছাগল, ক্ষুদ্র ব্যবসার ব্যবস্থা করে দেয়। এই সব পরিবারগুলো এখন তাদের দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই করে বাঁচার স্বপ্ন দেখছে। গতকাল বুধবার 'অতিদরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়নে জিও, এনজিও ও সুশীল সমাজের ভূমিকা' শীর্ষক কর্মশালায় তারা নিজেদের এ অবস্থান তুলে ধরেন। করিমগঞ্জ উপজেলা মিলনায়তনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। পরে কর্মশালায় অংশগ্রহণকারীদের নিয়ে ব্র্যাকের প্রকল্প এলাকা পিটুয়া গ্রাম পরিদর্শন করা হয়। ব্র্যাকের প্রকল্প অংশীদার অর্গানাইজেশন ফর রুরাল এডভোকেট (ওআরএ) আয়োজিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন করিমগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা কে এম রুহুল আমিন। উপজেলা প্রকৌশলী আবদুল গফুর মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, ব্র্যাকের জেলা যোগাযোগ কর্মকর্তা ওমর ফারুক খসরু, ওআরএ'র নির্বাহী পরিচালক ফকির মাজহারুল হক, পরিচালক সাঈদা সুলতানা, ব্র্যাকের প্রকল্প সুপারভাইজার মিল্টন কান্তি কর প্রমুখ।